Office of the
Executive Engineer
Narayanganj Water Development Division
BWDB, Narayanganj.
Office Address: Wapda Bhaban (7th Floor),
Motijheel C/A, Dhaka-1000.
Office Phone No. 02222230384
Email: xen.narayanganj.bwdb@gmail.com.

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।
অফিস ঠিকানাঃ ওয়াপদা ভবন (৮ম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
অফিস টেলিফোন নং- ০২২২২২৩০৩৮৪
Email: xen.narayanganj.bwdb@gmail.com.

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

স্মারক নং- নিঃপ্রঃ/নাপাউবি/৭৩ তারিখঃ ১৬/০৭/২০২৬খ্রি.।

## " সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তির ও নবায়নের বিজ্ঞপ্তি "

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম সরবরাহ ও গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির তফসিল।**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ | নতুন তালিকাভূক্তি আবেদন ফরম বিতরনের শেষ তারিখ | নতুন তালিকাভূক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহের তালিকাভূক্তি (কার্য) | ২০/০৭/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ |
| ২। | ঠিকাদার/সরবরাহের তালিকাভূক্তি (পণ্য) | ২০/০৭/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের তফসিল।**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের ধরন | নবায়নের আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ | নবায়নের বিতরনের শেষ তারিখ | নবায়নের আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহের তালিকাভূক্তি (কার্য) | ২০/০৭/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ |
| ২। | ঠিকাদার/সরবরাহের তালিকাভূক্তি (পণ্য) | ২০/০৭/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ | ১৯/০৮/২০২৬খ্রিঃ |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| ১. | তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার ১(এক)টি পে-অর্ডার উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঢাকা বরাবর করতঃ আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাক্কলনিকের নিকট জমা দিতে হবে। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভূক্তির রেজিষ্ট্রেশন বই জমা দিতে হবে। |
| ২. | ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন চুড়ান্তভাবে গৃহীত হবে। |
| ৩. | ঠিকাদার নতুন তালিকাভূক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ২০.০০ লক্ষ টাকা ব্যাংক সলভেন্সি প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহনযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে। |
| ৪. | ঠিকাদার নতুন তালিকাভূক্তি/নবায়ন করার জন্য বৈধ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে। |
| ৫. | আবেদন সাথে BIN Certificate প্রদান করতে হবে। VAT Certificate গ্রহনযোগ্য হবে না। |
| ৬. | আবেদনের সাথে ২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না। |
| ৭. | আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং ৩(তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে। |
| ৮. | বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে। |
| ৯. | নতুন ঠিকাদার তালিকাভূক্তির ক্ষেত্রে তালিকাভূক্তি ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। |
| ১০. | ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে। |

(শুভ আহম্মেদ) ১৬/৭/২০২৬
নির্বাহী প্রকৌশলী
নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

চলমান পাতা-২

স্মারক নং- নিঃপ্রকৌঃ/নাপাউবি/৭৩/১(১৯) তারিখঃ ১৬/০৭/২০২৬খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঢাকা পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**

৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা। **(সার্কুলারটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**

৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৮। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

৯। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।

১০। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঢাকা।

১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগ/সোনারগাঁও পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১২। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক/উচ্চমান সহকারী, অত্র দপ্তর। **(তাহাকে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন ফরম সরবরাহ ও আবেদনপত্র গ্রহন এবং ঠিকাদার তালিকাভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**

১৩। জনাব.........................................................................................................................

১৪। নথি।

১৬/৭/২০২৬

নির্বাহী প্রকৌশলী
নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।